

সোনালী ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়, ঢাকা
হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত সোনালী ব্যাংক লিমিটেড এর প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটি ও অংশীজনের অংশগ্রহণে জুলাই-সেপ্টেম্বর, ২০২০ ত্রৈমাসিক সভার (২০২০-২০২১ অর্থবছরের ১ম সভা) কার্যবিবরণী।


সভাপতি : জনাব মোঃ আতাউর রহমান প্রধান, সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর ও প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির আহ্বায়ক
তারিখ : ৩০ সেপ্টেম্বর, ২০২০ রোজ বুধবার
স্থান : মিনি কনফারেন্স রুম (৩য় তলা), সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা
উপস্থিতি : সংলগ্নী-‘ক’

সোনালী ব্যাংক লিমিটেড-এ শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের অংশ হিসেবে প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির জুলাই-সেপ্টেম্বর, ২০২০ ত্রৈমাসিকের সভা (২০২০-২০২১ অর্থ বছরের ১ম সভা) ৩০ সেপ্টেম্বর, ২০২০ তারিখে প্রধান কার্যালয়ের মিনি কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়।

২.০০: সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানান। সভায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত ২০২০-২১ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা অনুসরণ করে এই ব্যাংকের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২০-২১ প্রণয়ন করে আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ ও ১০/০৮/২০২০ তারিখের মধ্যে ওয়েবসাইটে আপলোড করায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। শুদ্ধাচার কর্মপরিকল্পনা (২০২০-২০২১) বাস্তবায়নে গৃহীত পদক্ষেপ, করণীয় ও অর্জিত অগ্রগতি সংক্রান্ত বিষয়সমূহ সভায় আলোচিত হয় এবং নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

- ১) সভায় অবহিত করা হয় যে, কোভিড-১৯-এর কারণে ভিডিও কনফারেন্সিং প্ল্যাটফর্ম ব্যবহার করে স্টাফ কলেজসহ ট্রেনিং ইনস্টিটিউটসমূহে অনলাইনে প্রশিক্ষণ কোর্স ও কর্মশালা অনুষ্ঠিত হচ্ছে। জুলাই-সেপ্টেম্বর, ২০২০ ত্রৈমাসিকে নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচারসহ বিভিন্ন বিষয়ের ওপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- ২) শুদ্ধাচার বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রতি ত্রৈমাসিকে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রকাশিত “ছড়ায় ছড়ায় শুদ্ধাচার” শীর্ষক ছড়ার বই হতে ছড়া বাছাই করে জাতীয় দৈনিকে বিজ্ঞাপন আকারে প্রচার করা হচ্ছে। জুলাই-সেপ্টেম্বর, ২০২০ ত্রৈমাসিকের জন্য ৩০ সেপ্টেম্বর, ২০২০ তারিখে দৈনিক ইত্তেফাক পত্রিকায় উল্লিখিত বই হতে ৬০নং ছড়া বিজ্ঞাপন আকারে প্রকাশ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়।
- ৩) করোনাভাইরাসের প্রকোপের প্রেক্ষিতে সকলকে সাধারণ স্বাস্থ্যবিধি মেনে ব্যক্তিগত সুরক্ষার ব্যাপারে সচেতন থাকার জন্য সভায় উল্লেখ করা হয়।

৩.০০: পরিশেষে সভায় আর কোনো আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলের সক্রিয় অংশগ্রহণ ও সহযোগিতার জন্য ধন্যবাদ জ্ঞাপন করে সভার পরিসমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ আতাউর রহমান প্রধান)
সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর

ও আহ্বায়ক, নৈতিকতা কমিটি, সোনালী ব্যাংক লিমিটেড।